

শিক্ষক দিবসে নারায়ণগঞ্জে ৫ শিক্ষককে সন্মাননা দেয়া হয়েছে

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

: রোববার, ০৫ অক্টোবর ২০২৫



আজ রোববার শিক্ষক দিবসে নারায়ণগঞ্জের গোনাইলের হলি উইলস স্কুলের উদ্যোগে ৫জন গুণী শিক্ষক সন্মাননা জানানো হয়। গুণী শিক্ষকরা হলেন, শেরেবাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নিজাম উদ্দিন, হাজীগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলাউদ্দিন খান, চাষাঢ়া বালিকা সরকারি প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুন নাহার, পশ্চিম মাসদাইর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপতী কুন্ডু এবং জালকুড়ি পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিতালী রায়।

আজ সকালে জেলা প্রশাসক মো. জাহিদুল ইসলাম মিত্রা তার কার্য্যালয়ে গুণী শিক্ষকদের হাতে সন্মাননা স্বারক তুলে দেন।

অনুষ্ঠানে নারায়ণগঞ্জ জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিত্রা বলেন, “শিক্ষকরা হচ্ছে সমাজের আদর্শ। প্রতিটি শিক্ষক আগামী প্রজন্মের জন্য অনুকরণীয় হবে। সমাজ, দেশ গড়ার সবচেয়ে বড় কারখানা বিদ্যালয়, যার দায়িত্বে থাকেন শিক্ষকরা। আপনাদের কাঁধে দেশ গড়ার দায়িত্ব।”

তিনি আরও বলেন, “আগামী প্রজন্ম অবশ্যই ভালো ফলফল করবে। পাশাপাশি তাদের মধ্যে দেশপ্রেম, মানবতা ও নৈতিকতা থাকতে হবে। এসব আপনাদের অনুসরণ করে, আপনাদের কাছ থেকেই শিখবে। শিক্ষকদের অনেক দায়িত্ব; নিজেদের আদর্শ হিসেবে উপস্থাপন করার। তা না হলে আমাদের যে কান্তিক্ষত সমাজ, রাষ্ট্র করতে চাই সেটি গড়া সম্ভব হবে না। তাদের প্রতি প্রত্যাশা, আমাদের শিক্ষকরা যোগ সেই যোগ্যতার মাপকাঠিতে উত্তীর্ণ হয়ে সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।”

গত ১৫ বছর যাবত শিক্ষক দিবস উপলক্ষ্যে সিদ্ধিরগঞ্জে গোদনাইলের হলি উইলস স্কুলের উদ্যোগে শিক্ষকদের সম্মাননা দেয়া হয়। এ লক্ষ্যে শিক্ষকতায় সৃজনশীল ভূমিকা রাখা শিক্ষকদের নির্বাচন করে জেলা প্রাথমিক শিক্ষা অফিস।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. মাশফাকুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফেরদৌসী বেগম, উপজেলা সহকারী প্রাতমিক শিক্ষা কর্মকর্তা মুক্তা বেগম প্রমুখ।